

মাদ্রাসায় নতুন শ্রেণী খোলার ব্যাপারে অনিয়মের অভিযোগ তদন্তে শিক্ষামন্ত্রীর নির্দেশ

ইনকিলাব রিপোর্ট : নতুন শ্রেণী খোলার জন্য অনুমতি প্রদানের জন্য মাদ্রাসা পরিদর্শনের ক্ষেত্রে অনিয়মের অভিযোগ পাওয়া গেছে। অভিযোগ অনুযায়ী যোগ্য মাদ্রাসাকে নতুন শ্রেণী খোলার অনুমতির জন্য সুপারিশ না করে অযোগ্য মাদ্রাসাকে নতুন শ্রেণী খোলার জন্য অসত্য পরিদর্শন প্রতিবেদন পেশ করা হয়েছে। এ বিষয়ে অভিযোগের প্রেক্ষিতে শিক্ষামন্ত্রী জরুরীভাবে এ বিষয়ে তদন্ত করার জন্য মাদ্রাসা বোর্ডের চেয়ারম্যানকে নির্দেশ দিয়েছেন।

মেধা তালিকায় স্থানপ্রাপ্ত স্বর্ণপদক প্রাপ্ত দেশের সর্বপ্রথম প্রতিষ্ঠিত কজ্বাজার ইসলামিয়া মাদ্রাসাকে কামিল শ্রেণী খোলার অনুমতির জন্য সুপারিশ না করে মাদ্রাসা বোর্ডের উর্ধ্বতন এক কর্মকর্তা বিশেষ কারণে অখ্যাত মাদ্রাসা কিলংপাড় আনর্শ বালিকা মাদ্রাসাকে কামিল শ্রেণী খোলার অনুমতি দেয়ার সুপারিশ করে পরিদর্শন প্রতিবেদন পেশ করেছেন। কিলংপাড় মাদ্রাসা থেকে ফাজিল শ্রেণীতে মাত্র ৩ জন ছাত্রী গত পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে— যা নতুন বিভাগ খোলার ক্ষেত্রে বিধিবিধান।

অর্ধ ইসলামিয়া মাদ্রাসাকে কামিল শ্রেণী খোলার অনুমতি দেয়ার ক্ষেত্রে সুপারিশ ও প্রতিশ্রুতি রয়েছে শিক্ষা প্রতিমন্ত্রীর সুপারিশ রয়েছে জেলা প্রশাসকের সুপারিশ রয়েছে সংশ্লিষ্ট একাধিক কর্মকর্তার স্থানীয় এমপি ইসলামিয়া মাদ্রাসাকে কামিল শ্রেণী খোলার অনুমতি দেয়ার জন্য গত ২৬ আগস্ট একটি ডিও লেটারও প্রদান করেছেন। মাদ্রাসা বোর্ডের একই কর্মকর্তা গত ১৩ জুলাই ইসলামিয়া মাদ্রাসা পরিদর্শন করে কামিল শ্রেণী খোলার অনুমতির জন্য সুপারিশ করেছিলেন। কিন্তু গত ২৪ সেপ্টেম্বর কিলংপাড় মাদ্রাসা পরিদর্শন করে নতুন বিভাগ খোলার জন্য নির্ধারিত সময়ে ফি জমা না দেয়া সত্ত্বেও অনিয়মতান্ত্রিকভাবে নতুন শ্রেণী খোলার ফি জমা নেয়ার নির্দেশ দেন সংশ্লিষ্ট বিভাগকে। এ নির্দেশের ফলে অনিয়মতান্ত্রিকভাবে ফি জমা নিতে হয় সংশ্লিষ্ট বিভাগকে। উক্ত কর্মকর্তা মাদ্রাসাটি পরিদর্শনের সময় নিয়ম অনুযায়ী মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের কোন প্রতিনিধিকে তার সাথে না নিয়ে স্বপরিবারে কিলংপাড় মাদ্রাসা পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদনে মাদ্রাসাটির পক্ষে অসত্য তথ্য দিয়ে কামিল শ্রেণী খোলার অনুমতি দেয়ার জন্য সুপারিশ করে সংশ্লিষ্ট ফাইলটি শিক্ষা মন্ত্রণালয়ের সচিবের নিকট প্রেরণ করেছেন। অপরদিকে কিলংপাড় মাদ্রাসার বিরুদ্ধে এক অভিযোগের ভিত্তিতে মাদ্রাসাটি সম্পর্কে জরুরীভাবে তদন্ত করতে মাদ্রাসা বোর্ডের চেয়ারম্যানকে এক নির্দেশ প্রদান করেছেন।